# ST. LAWRENCE HIGH SCHOOL

**Term: First** **Class: 3 A & C**

**Subject: Bengali Grammar** **F.M.:45** **Date: 24th April 2018**

## 'ক' বিভাগ - ১০

১। একটি বাক্যে উত্তর লেখ (শুধু উত্তর লিখবে) ১X৪=৪

ক) আমাদের মাতৃভাষা কী ?

খ) আমাদের মুখের কথার সবচেয়ে ছোট অংশকে কী বলে ?

গ) কথ্য ভাষা কাকে বলে ? ঘ) যৌগিক স্বর কোনগুলি ?

২। এলোমেলো বর্ণগুলি সাজিয়ে শব্দ গঠন কর: ১X৩=৩

ক) ওজআয়া খ) ড়াথালেপ গ) মাহিলয়

৩। শব্দটি লিখে দেখাও :- ১X৩=৩

ক) ক্+উ+ক্+উ+র্+অ (খ) ম্+আ+ন্+উ+ষ্+অ (গ) ব্+আ+গ্+আ+ন্+অ

## 'খ' বিভাগ - ১৫

৪। চিত্রলিপি কাকে বলে? দুটি চিত্রলিপির নাম লেখ? ১+২=৩

৫। ভাষা কাকে বলে? যে কোন দুটি ভাষার নাম লেখ? ১+২=৩

৬। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ আলাদা ছকে সাজাও: ৩

প, এ, ন, আ, ঔ, ম

৭। বহুবচনে পরিণত করে বাক্যটি আবার লেখ: ১X৩=৩

(ক) ছাত্র পড়াশোনা করে বড় হবে।

(খ) খাতা টেবিলের উপর রাখা আছে।

(গ) গল্প শুনতে আমার ভাল লাগে।

৮। বাঙালিদের মধ্যে প্রথম বাংলা ব্যাকরণ কে লেখেন? বইটি কোন ভাষায় লিখেছিলেন? পরে সেটি কোন ভাষায় অনুবাদ করা হয়? ১+১+১=৩

## 'গ' বিভাগ – ২০

৯। দাগ দেওয়া পদটির বিপরীত শব্দ লিখে অনুচ্ছেদটি আবার খাতায় লেখঃ ৫

রাম খুব অলস ছেলে । সে গ্রামের একটি বিদ্যালয়ে পড়ে । তার বাবা খুবই ধনী মানুষ কিন্তু খুবই চঞ্চল । তিনি বহু মানুষের অপকার করেন ।

১০। বাগযন্ত্র কাকে বলে ? ৪টি বাগযন্ত্রের নাম লিখে দেখাও । ১+৪=৫

১১. বোধশক্তির বিচারঃ (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তর লিখবে) ৫

এবার শীতের ছুটিতে পুরীতে বেড়াতে গিয়ে নিজের চোখে সমুদ্র দেখলাম। যেদিকে তাকাই সেদিকেই যে জল আর জল। সমুদ্রের ঢেউ গুলি দেখে আমার খুব ভয় লাগল। বাবা বললেন ভয় করোনা , আমার হাত ধরে চলো জলের কাছে যাই। সমুদ্রের ঢেউয়ের সঙ্গে অনেক ঝিনুক দেখতে পেলাম।আমার পুরীর সমুদ্র দেখে খুব আনন্দ হল।

- প্রশ্নঃ (বাক্যে উত্তর লিখবে)

১. শীতের ছুটিতে কোথায় বেড়াতে গিয়েছিলাম?

২. কি দেখে আমার খুব ভয় লাগছিল?

৩. বাক্য রচনা করঃ ভয়।

৪. বিপরীত শব্দঃ বাবা , আনন্দ।

১২. বোধশক্তির বিচারঃ (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তর লিখবে) ৫

প্রতি বছর আমাদের দেশে ১৪ই নভেম্বর শিশু দিবস হিসাবে পালন করা হয়। সেইদিন ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মদিন। তিনি সারা জীবন শিশুদের ভালবেসেছেন। যেখানেই শিশুদের দেখেছেন, সেখানেই ওদের কাছে গিয়ে কোলে তুলে নিয়েছেন। শিশুরাও তাকে ভালোবেসেছে।

- প্রশ্নঃ (বাক্যে উত্তর লিখবে)

১. কোন দিনটিকে শিশু দিবস হিসাবে পালন করা হয়?

২. বাক্যরচনাঃ জন্মদিন, কোলে।

৩. শূন্যস্থান পূরণ করঃ (বাক্যটিকে লেখ)

ক। সেইদিন ভারতের ____________ জওহরলাল নেহেরুর জন্মদিন।

খ। ____________ তাকে ভালোবেসেছে।

# ST. LAWRENCE HIGH SCHOOL
## (A Jesuit Christian Minority Institution)

FOR GOD AND COUNTRY

### 1st Terminal Test – 2018

**Sub : Bengali Grammar** | **Class : 3 A & C** | **F.M. : 45**
**Duration: 1 hr 20 mins** | **Date: 24.4.2018**

**Model Answers**

---

<u>'ক' – বিভাগ (১০)</u>

১. ক| আমাদের মাতৃভাষা বাংলা।

খ। আমাদের মুখের কথার সবচেয়ে ছোট অংশকে ধ্বনি বলে।

গ। মানুষের মুখের কথাকে কথ্য ভাষা বলে।

ঘ। ঐ এবং ঔ হল যৌগিক স্বর|

২. আওয়াজ, লেখাপড়া, হিমালয়।

৩. কুকুর, মানুষ, বাগান।

<u>'খ' – বিভাগ (১৫)</u>

৪. চিত্র কথার অর্থ ছবি, ছবির সাহার্য্যে যে লেখা বোঝানো হত, তাকে চিত্রলিপি বলে।

দুটি চিত্রলিপির নাম হল সিন্ধু চিত্রলিপি ও মিশরীয় চিত্রলিপি।

৫. মনের ভাব প্রকাশের জন্য মানুষ যে অর্থ বহ ধ্বনি শব্দ বা বাক্য ব্যবহার করে তাকে ভাষা বলে।

দুটি ভাষার নাম হল হিন্দি ও ইংরেজি।

৬.

| | |
|---|---|
| স্বরবর্ণ | এ,আ,ঔ |
| ব্যঞ্জনবর্ণ | প,ন,ম |

৭. বহুবচন

ক। ছাত্ররা পড়াশোনা করে বড় হবে।

খ। খাতাগুলো টেবিলের উপর রাখা আছে।

গ। গল্পগুলো শুনতে আমার ভালো লাগে।

৮. বাঙালীদের মধ্যে প্রথম বাংলা ব্যাকরণ লেখেন রাজা রাম মোহন রায়।

এটি ইংরেজি ভাষায় লেখা হয়েছিল।

পরে সেটি বাংলায় অনুবাদ হয়।

## 'গ' – বিভাগ (২০)

৯. বিপরীত শব্দঃ

রাম খুবই পরিশ্রমী ছেলে। সে শহরের একটি বিদ্যালয়ে পড়ে। তার বাবা খুবই দরিদ্র মানুষ। কিন্তু খুবই শান্ত। তিনি বহু মানুষের উপকার করেন।

১০. আমরা মুখের ভিতরে যে অঙ্গগুলির সাহায্যে কথা বলি তাকে বলে বাগযন্ত্র।

বাগযন্ত্র গুলি হল তালু, দন্ত, নাসিকা, কন্ঠ।

১১. বোধ শক্তির বিচারঃ (১)

১. শীতের ছুটিতে আমরা পুরীতে বেড়াতে গিয়েছিলাম।

২. সমুদ্রের ঢেউগুলি দেখে আমার খুব ভয় লাগছিল।

৩. বাক্য রচনা – ভয়(নিজে লেখ)

৪. বিপরীতঃ বাবা – মা , আনন্দ – দুঃখ।

১২. বোধ শক্তির বিচারঃ (২)

১. ১৪ই নভেম্বর শিশুদিবস হিসেবে পালন করা হয়।

২। বাক্যরচনাঃ জন্মদিন, কোলে (নিজে লিখবে)

৩. শূন্যস্থানঃ ক। সেইদিন ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মদিন।

খ। শিশুরাও তাকে ভালো বেসেছে।

---------------

Manashi Chaudhuri
24.04.18